



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়

পরিবহন পুলভবন, সচিবালয় সংযোগ সড়ক,

ঢাকা-১০০০।

সুবর্ণজয়ন্তী সেল

www.molwa.gov.bd



স্মারক নম্বর: ৪৮.০০.০০০০.০০০.৩৫.০০১.২২.৩০৯

তারিখ: ২৪ ফাল্গুন ১৪২৮

০৯ মার্চ ২০২২

বিষয়: স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন উপলক্ষ্যে জাতীয় পর্যায়ে প্রতিযোগিতায় অংশগ্রহণ প্রসঙ্গে।

সূত্র: এ মন্ত্রণালয়ের স্মারক নং- ৪৮.০০.০০০০.০০০.৩৫.০০১.২২.২৭৭, তারিখঃ ১৭ ফেব্রুয়ারি ২০২২।

উপর্যুক্ত বিষয়ে ও সূত্রে উল্লেখিত স্মারকে প্রাথমিক, মাধ্যমিক ও কলেজ স্তরে স্বাধীনতা সুবর্ণজয়ন্তী উদযাপন উপলক্ষ্যে মুক্তিযুদ্ধ ভিত্তিক কুইজ, সংগীত, নৃত্য, চিত্রাংকন ও রচনা ইত্যাদি প্রতিযোগিতার জাতীয় পর্যায়ের প্রতিযোগিতা নিম্নে বর্ণিত হক অনুসারে অনুষ্ঠিত হবে।

| প্রতিযোগিতার স্তর | প্রতিযোগিতার বিষয় | ভেন্যু | তারিখ | সময় |
|-------------------|--|--|------------------|------------------|
| প্রাথমিক স্তর | কুইজ (সুবর্ণজয়ন্তীতে বাংলাদেশের অর্জন), সংগীত (মুক্তিযুদ্ধের নূতন গান), নৃত্য (সাধারণ নৃত্য- বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ) এবং চিত্রাংকন (স্বাধীনতা আমার স্বাধীনতা) | বাংলাদেশ শিশু একাডেমী, দোয়েল চত্বর সড়ক, শাহবাগ, ঢাকা | ২০ মার্চ ২০২২ | সকাল ০৯.০০ টা |
| মাধ্যমিক স্তর | কুইজ (সুবর্ণজয়ন্তীতে বাংলাদেশের অর্জন), সংগীত (মুক্তিযুদ্ধের নূতন গান), নৃত্য (সাধারণ নৃত্য- বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ) এবং রচনা (স্বাধীনতার সুবর্ণজয়ন্তীতে বঙ্গবন্ধুর বাংলাদেশ) | বাংলাদেশ শিশু একাডেমী, দোয়েল চত্বর সড়ক, শাহবাগ, ঢাকা | ২০ মার্চ ২০২২ | সকাল ০৯.০০ টা |
| কলেজ স্তর | কুইজ (সুবর্ণজয়ন্তীতে বাংলাদেশের অর্জন), সংগীত (মুক্তিযুদ্ধের নূতন গান), নৃত্য (সাধারণ নৃত্য- বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ) এবং রচনা (স্বাধীনতার সুবর্ণজয়ন্তীতে বঙ্গবন্ধুর বাংলাদেশ) | বাংলাদেশ শিল্পকলা একাডেমী, ১৪/৩, সেগুনবাগিচা রোড, ঢাকা | ২০ মার্চ ২০২২ | সকাল ০৯.০০ টা |

০২। বিভাগীয় পর্যায়ের প্রতিযোগিতায় বিভিন্ন বিষয়ে ১ম স্থান অর্জনকারীদেরকে সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি ও জন্মনিবন্ধন/জাতীয় পরিচয় পত্রের কপিসহ প্রতিযোগিতার দিন সকাল ০৯.০০ ঘটিকার মধ্যে যার যার নির্ধারিত ভেন্যুতে উপস্থিত থাকতে হবে।

০৩। বাংলাদেশ শিশু একাডেমীতে যে সকল প্রতিযোগী অংশগ্রহণ করবে তাদের প্রত্যেককে যাতায়ত ও আনুষংগিক খরচ বাবদ ২,০০০/- (দুই হাজার) টাকা দেয়া হবে।

০৪। বাংলাদেশ শিল্পকলা একাডেমীতে যে সকল প্রতিযোগী অংশগ্রহণ করবে তাদের প্রত্যেককে যাতায়ত ও আনুষংগিক খরচ বাবদ ৩,০০০/- (তিন হাজার) টাকা দেয়া হবে।

০৫। বাংলাদেশ শিশু একাডেমী ভেন্যুতে অংশগ্রহণকারী প্রতিযোগী ও তাদের অভিভাবকদের জন্য বাংলাদেশ শিশু একাডেমীতে রাত্রিযাপনের সুযোগ রয়েছে।

০৬। জাতীয় পর্যায়ের প্রতিযোগিতার পুরস্কার বিতরণী অনুষ্ঠান আগামী ২০ মার্চ ২০২২ তারিখ বিকাল ০৪.০০ টায় বাংলাদেশ শিশু একাডেমী মিলনায়তন, দোয়েল চত্বর সড়ক, শাহবাগ, ঢাকায় অনুষ্ঠিত হবে। উক্ত অনুষ্ঠানে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব আ. ক. ম. মোজাম্মেল হক, এম.পি উপস্থিত থাকার সদয় সম্মতি জ্ঞাপন করেছেন।

০৭। যথাযথ কর্তৃপক্ষের নির্দেশক্রমে এ পত্র জারি করা হলো।

৯-৩-২০২২

মোঃ আশরাফুল আলম খান
উপসচিব

বিতরণ :

- ১) বিভাগীয় কমিশনার (সকল)
- ২) জেলা প্রশাসক (সকল)

স্মারক নম্বর: ৪৮.০০.০০০০.০০০.৩৫.০০১.২২.৩০৯/১(৯)

তারিখ: ২৪ ফাল্গুন ১৪২৮
০৯ মার্চ ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) জনাব তপন কান্তি ঘোষ, সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয় ও সদস্য সচিব, স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি
- ২) অতিরিক্ত সচিব (প্রশাসন) ও প্রধান সমন্বয়ক, সুবর্ণজয়ন্তী সেল, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
- ৩) মহাপরিচালক, মহাপরিচালক এর দপ্তর, বাংলাদেশ শিশু একাডেমি
- ৪) মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমি
- ৫) মন্ত্রীর একান্ত সচিব (উপসচিব), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৬) সচিবের একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৭) সচিবের একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৮) সচিবের একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৯) সিস্টেম এনালিস্ট, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় (পত্রটি মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)



৯-৩-২০২২

মোঃ আশরাফুল আলম খান
উপসচিব